

স্মারক নম্বর: ৪৬.০৪২.০১৪.৪৫.০২.০৪৫.২০১৪.১৯৫৭

তারিখ: ৩১ ভাদ্র ১৪২৮

১৫ সেপ্টেম্বর ২০২১

বিষয়: ২০১৮-২০১৯ অর্থ বছরে এডিপি বরাদ্দের আওতায় যশোর জেলার মালিকানাধীন ‘সাগরদাঁড়ি মধু উদ্যান ও শিশু পার্ক’ উন্নয়ন স্কিমের প্রাক্কলন, প্লান ও ডিজাইন অনুমোদন।

সূত্র: এলজিইডি এর স্মারক ৪৬.০২.০০০০.৩০১.৯৯.০৭০.১৯-৪৮২, তারিখ: ২৫ আগস্ট ২০২১।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০১৮-২০১৯ অর্থ বছরে এডিপি বরাদ্দের আওতায় পার্ক ও বিনোদন কেন্দ্র নির্মাণ উপ-খাত হতে যশোর জেলা পরিষদের অনুকূলে ১.৪৫ কোটি টাকা (এক কোটি পয়তাল্লিশ লক্ষ টাকা) বরাদ্দ প্রদান করা হয়েছিল। সে প্রেক্ষিতে যশোর জেলার ‘সাগরদাঁড়ি মধু উদ্যান ও শিশু পার্ক’ উন্নয়ন স্কিম ১,৫৯,৯৬,১৪৭.৬৬ (এক কোটি উনষাট লক্ষ ছিয়ানব্বই হাজার একশত সাতচল্লিশ টাকা ছেষট্টি পয়সা) টাকা এর প্রাক্কলন, প্লান ও ডিজাইন অনুমোদনের জন্য স্থানীয় সরকার বিভাগে প্রেরণ করা হয়। উক্ত প্রাক্কলনটি যাচাই করে মতামতসহ প্রতিবেদন এ বিভাগে প্রেরণের জন্য এলজিইডি-কে অনুরোধ করা হয়েছিল। পরবর্তীতে প্রস্তাবিত ডিজাইন যথাযথ না হওয়ায় সংশোধিত স্ট্রাকচারাল ডিজাইন প্রস্তুত করে প্রাক্কলন প্রস্তুতের জন্য এলজিইডি হতে সরাসরি জেলা পরিষদ, যশোর-কে অনুরোধ করা হয়। যশোর জেলা পরিষদ হতেও ২,২৬,৩৫,৬৭১.০০ (দুই কোটি ছাব্বিশ লক্ষ পঁয়ত্রিশ হাজার ছয়শত একাত্তর) টাকার প্রাক্কলন প্রস্তুত করে স্থানীয় সরকার বিভাগের মাধ্যম ব্যতিরেকে সরাসরি এলজিইডিতে প্রেরণ করা হয়।

২। এলজিইডি কর্তৃক উক্ত প্লান ও ডিজাইনটি যাচাই করে সূত্রস্থ স্মারকে, ২৫,৫৬,২০০.০০ (দুই কোটি পঁচিশ লক্ষ ছাপান্ন হাজার দুইশত) টাকার নিম্নরূপ প্রাক্কলন প্রেরণ করা হয়েছে।

৩। এমতাবস্থায়, ২০১৮-২০১৯ অর্থ বছরে এডিপি বরাদ্দের আওতায় যশোর জেলা পরিষদের অনুকূলে বরাদ্দকৃত ১.৪৫ কোটি টাকা (এক কোটি পয়তাল্লিশ লক্ষ টাকা) এর অতিরিক্ত (২,২৬,৩৫,৬৭১.০০-১,৪৫,০০,০০০.০০)=৮১,৩৫,৬৭১.০০ টাকা (একাত্তর লক্ষ পয়ত্রিশ হাজার ছয়শত একাত্তর টাকা) এর সংস্থান কীভাবে হবে, এ বিষয়ে পূর্ণাঙ্গ তথ্য প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



১৫-৯-২০২১

মোহাম্মদ তানভীর আজম ছিদ্দিকী

উপসচিব

ফোন: ৯৫৭৫৫৬৮

ইমেইল: lgzp@lgd.gov.bd

প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, যশোর।

স্মারক নম্বর: ৪৬.০৪২.০১৪.৪৫.০২.০৪৫.২০১৪.১৯৫৭/১(৬)

তারিখ: ৩১ ভাদ্র ১৪২৮

১৫ সেপ্টেম্বর ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) অতিরিক্ত সচিব, প্রশাসন অনুবিভাগ, স্থানীয় সরকার বিভাগ

- ২) যুগ্মসচিব, প্রশাসন অধিশাখা, স্থানীয় সরকার বিভাগ
- ৩) মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, স্থানীয় সরকার বিভাগ
- ৪) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, স্থানীয় সরকার বিভাগ
- ৫) সহকারী প্রোগ্রামার, সহকারী প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ
- ৬) সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, স্থানীয় সরকার বিভাগ



১৫-৯-২০২১

মোহাম্মদ তানভীর আজম ছিদ্দিকী
উপসচিব